

2021
BENGALI
[GENERAL]
Paper : II

Full Marks : 100

Time : 3 Hours

*The figures in the right-hand margin indicate marks.
 Candidates are required to give their answers in
 their own words as far as practicable.*

- ১। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : $1 \times 6 = 6$
- ক) “গগনে অবধন মেহ দারণ”
 — পদটির রচয়িতা কে?
 - খ) ‘কত চতুরানন মরি মরি যাওত’ — উদ্ভৃতাংশে ‘চতুরানন’
 কাকে বলা হয়েছে?
 - গ) ‘ওগো, তুমি কোথা যাও কোন্ বিদেশে,
 বারেক ভিড়াও তরী কুলেতে এসে।’
 — ‘ওগো’ বলে কবি কাকে সম্মোধন করেছেন?
 - ঘ) ‘সুচেতনা’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
 - ঙ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘সিঁড়ুরচরণ’ গল্পের সিঁড়ুরচরণ
 কত বছর মালিপোতায় বসবাস করেছে?
 - চ) ‘নির্বারের স্বপ্নভঙ্গ’—কবিতাটি কোন্ কাব্য গ্রন্থের অন্তর্গত?

- ছ) “আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ।”
 — এখানে ‘নবদ্বীপচন্দ’ কাকে বলা হয়েছে?
 জ) আশাপূর্ণা দেবীর ‘তাসের ঘর’ গল্পে মমতার স্বামীর নাম
 কী?
 ২। যে-কোনো এগারোটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$
- ক) ‘খগেনবাবু’— গল্পের কেন্দ্রীয় নারী চরিত্রটির নাম কী?
 গল্পটির রচয়িতার নাম লেখো।
 - খ) “যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু জ্যোতি”
 — পদকর্তা কে? ‘নিকসয়ে’— শব্দের অর্থ কী?
 - গ) “এ সংসারের উপর আমার আর কোন্ দায় নেই।”
 — বক্তা কে? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে?
 - ঘ) ‘সঙ্গিরি মজু তনু অবশ ভেল জনু’ — পদকর্তা কে? ‘সঙ্গিরি’
 শব্দের অর্থ কী?
 - ঙ) ‘সাষ্টাঙ্গে প্রণামি শূর, কৃতাঞ্জলীপুটে’
 — উদ্ভৃতাংশে কার কথা বলা হয়েছে? তিনি কাকে প্রণাম
 করলেন?
 - চ) ‘শেষ স্পর্শ নিয়ে যাব যবে ধরণীর
 বলে যাব...’ — কবি পৃথিবীর প্রতি কী বলে যেতে চান?
 - ছ) ‘তাহলেই ছবি ছাপবে খবরের কাগজ’
 — কোন্ কবিতার অংশ? কী হলে খবরের কাগজ ছবি
 ছাপবে?
 - জ) “এর অসলী দামতো দো শও রূপেয়া, লেকিন আপনার
 কাছে দেড় শত লিব।”
 — উদ্ভৃতাংশটি কোন্ গল্পের অংশ? এখানে কীসের দামের
 কথা বলা হয়েছে?

- ৰ) “কই আৱ বিয়ে হল সৰজি মশাই, পাৰ্টাই জুটছে না ...।”
— কে, কোন্ প্ৰসঙ্গে একথা বলেছেন ?
- গু) কবি শঙ্খ ঘোষ রচিত ‘মেয়েদের পাড়ায় পাড়ায়’
— কবিতাটিৰ শুৱতে সংবাদপত্ৰ থেকে উদ্ভৃত অংশটি
উল্লেখ কৰো।
- ট) “ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তৱী
আমাৰি সোনাৰ ধানে গিয়েছে ভৱি।”
— উদ্ভৃতাংশটি কাৰ লেখা, কোন্ কবিতার অংশ ?
- ঠ) “প্ৰেমক অঙ্কুৰ জাত আত ভেল”
— পদটি কাৰ রচনা ? এটি কোন্ পৰ্যায়েৰ পদ ?
- ড) ‘গগনে গৱেজে মেঘ, ঘন বৰষা ...’
— উদ্ভৃতাংশটিৰ পৱনবৰ্তী চৱণটি লেখো।
- ঢ) “হায়, তাত, উচিত কি তব
এ কাজ, নিকষা সতী তোমাৰ জননী ...”
— কে, কাৰ সম্পর্কে এই উক্তি কৱেছেন ?
- ৩। যে-কোনো সাতটি প্ৰশ্নেৰ উত্তৰ দাও : $6 \times 7 = 42$
- ক) ‘পলাতক ও অনুসৱণকাৱি’— গল্পেৰ নামকৱণেৰ সাৰ্থকতা
বিচাৰ কৰো।
- খ) তোমাৰ পাঠ্যপদ অবলম্বনে আক্ষেপানুৱাগেৰ কবি
জ্ঞানদাসেৰ কৃতিত্ব বিচাৰ কৰো।
- গ) ‘ভাবসম্মিলন’ কাকে বলে ? ‘আজু রজনী হাম ভাগে
পোহায়লু’ পদটি অবলম্বনে ভাবসম্মিলনেৰ ধাৰণাটি স্পষ্ট
কৰো।
- ঘ) ‘নিজগৃহপথ, তাত দেখাও তক্ষৱে?’
— প্ৰসঙ্গ নিৰ্দেশ কৱে, উদ্ভৃতাংশেৰ তাৎপৰ্য বিশ্লেষণ কৰো।
- ৫) ‘তোমাকে হতেই হৰে একদম প্ৰথম’ — ‘চিউটোৱিয়াল’
কবিতার এই অংশটিতে যে সময় সংকট তথা শিক্ষা ব্যবস্থাৰ
সংকট উঠে এসেছে তা আলোচনা কৰো।
- চ) ‘এক উদাসীন পাহুঁ’— কবিতায় উল্লিখিত উদাসীন পাহেৰ
পৱিচয় দাও।
- ছ) “রাজ্যতব স্বপ্নসম গেছে ছুটে,
সিংহাসন গেছে টুটে, ...”
— প্ৰসঙ্গ উল্লেখ কৱে উক্তিটিৰ তাৎপৰ্য ব্যাখ্যা কৰো।
- জ) ‘মেঘনাদবধ’— কাৰ্য্যেৰ যষ্ঠ সৰ্গ অবলম্বনে বিভীষণ চৱিৱাটি
বিশ্লেষণ কৰো।
- ঝ) ‘গৌৱাচন্দ্ৰিকা’ কাকে বলে ? ‘আজু হাম কি পেখলুঁ
নবদ্বীপচন্দ’ — পদটি অবলম্বনে গৌৱাচন্দ্ৰিকাৰ ধাৰণা স্পষ্ট
কৰো।
- ৪। যে-কোনো তিনটি প্ৰশ্নেৰ উত্তৰ দাও : $10 \times 3 = 30$
- ক) পৱশুৱামেৰ ‘দাঁড়কাগ’— গল্পটি অবলম্বনে ‘কাথক’ চৱিৱাটি
বিশ্লেষণ কৰো।
- খ) সমগ্ৰ কাৰ্য্যেৰ মধ্যে যষ্ঠ সৰ্গে মেঘনাদ চৱিৱাটিকে কবি খুব
যত্নসহকাৱে অক্ষণ কৱেছেন। — আলোচনা কৰো।
- গ) ‘মেয়েদেৰ পাড়ায় পাড়ায়’ কবিতায় শঙ্খ ঘোষ মেয়েদেৰ
সামাজিক অবস্থান ও সমস্যাৰ কথা যেভাবে ব্যক্ত কৱেছেন
তা কবিতাটি অবলম্বনে আলোচনা কৰো।
- ঘ) রবীন্দ্ৰনাথ ঠাকুৱেৰ ‘নিৰ্বারেৰ স্বপ্নভঙ্গ’— কবিতাটিৰ মূলভাব
নিজেৰ ভাষায় লেখো।
- ঙ) ‘অভিসাৱ’ বলতে কী বোঝ ? ‘অভিসাৱ’ পৰ্যায়েৰ পদ রচনায়
কবি রায়শেখৱেৰ কৃতিত্ব বিচাৰ কৰো।
-